২৪ ঘন্টায় মেহেরপুরে বিএনপির ১০ নেতাকর্মী গ্রেফতার

বিএনপির ডাকা তিনদিনের অবরোধের প্রথম দিন অনেকটা নিরুত্তাপ কেটেছে। দোকানপাট ও স্থানীয় যানবাহন স্বাভাবিকভাবে চলাচল করেছে। তবে দুরপাল্লার কোন পরিবহন ছেড়ে যায়নি। এদিকে নাশকতা ঠেকাতে মেহেরপুর জেলা পুলিশ গত ২৪ ঘস্টায় বিশেষ অভিযান পরিচালনা করে তিন উপজেলা থেকে বিএনপির ১০ নেতাকর্মীকে গ্রেফতার করেছে পুলিশ। এর মধ্যে সদর থানা ৪ জন, গাংনী থানা ৫ জন এবং মুজিবনগর থানা একজনকে আটক করেছে।

জেলা পুলিশ সূত্রে জানা গেছে, পুলিশ সুপারের নির্দেশে তিন থানার ওসির নেতৃত্বে পুলিশের একাধিক টিম মঙ্গলবার দিনব্যাপী জেলা বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করেন।

এসময় বিশেষ ক্ষমতা আইনে সদর থানা পুলিশ কুতুবপুর ইউনিয়ন যুবদলের সভাপতি মো: শামীম হোসেন (৪৫), মুজিবনগর উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক মো: খোরশেদ আলম (৩৬), বিএনপি কর্মী মো: এনামুল হক (৫৫), কুতুবপুর ইউনিয়ন যুবদলের সহ-সভাপতিমো: তুহিন হোসেন (৪০)। গাংনী থানা পুলিশ সাহারবাটি ইউনিয়নের ওয়ার্ড বিএনপির সেক্রেটারি আসমাউল হুসনা(২৮), রায়পুর ইউনিয়নের ওয়ার্ড বিএনপির সভাপতি হাফিজুর রহমান (৫০), ওয়ার্ড যুবদলের সভাপতি জামাল হোসেন (৪৫), জুমাত আলী(৫০), সাহারবাটি ইউনিয়ন বিএনপির সভাপতি,গাংনী পৌর সেচ্ছাসেবক দলের যুগ্ন আহবায়ক মো: এডাম সুমন(৪০), মুজিবনগর থানা পুলিশ মহাজনপুর ইউনিয়ন বিএনপির কৃষি বিষয়ক সম্পাদক সাব্দার আলী(৫৪)।
পুলিশ জানায়, গ্রেফতারকৃত আসামিদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।
নিজস্ব প্রতিনিধি

বিএনপির ডাকা তিনদিনের অবরোধের প্রথম দিন অনেকটা নিরুত্তাপ কেটেছে। দোকানপাট ও স্থানীয় যানবাহন স্বাভাবিকভাবে চলাচল করেছে। তবে দুরপাল্লার কোন পরিবহন ছেড়ে যায়নি। এদিকে নাশকতা ঠেকাতে মেহেরপুর জেলা পুলিশ বিশেষ অভিযান পরিচালনা করে তিন উপজেলা থেকে বিএনপির ১০ নেতাকর্মীকে গ্রেফতার করেছে পুলিশ। এর মধ্যে সদর থানা ৪ জন, গাংনী থানা ৫ জন এবং মুজিবনগর থানা একজনকে আটক করেছে।

জেলা পুলিশ সূত্রে জানা গেছে, পুলিশ সুপারের নির্দেশে তিন থানার ওসির নেতৃত্বে পুলিশের একাধিক টিম মঙ্গলবার দিনব্যাপী জেলা বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করেন।

এসময় বিশেষ ক্ষমতা আইনে সদর থানা পুলিশ কুতুবপুর ইউনিয়ন যুবদলের সভাপতি মো: শামীম হোসেন (৪৫), মুজিবনগর উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক মো: খোরশেদ আলম (৩৬), বিএনপি কর্মী মো: এনামুল হক (৫৫), কুতুবপুর ইউনিয়ন যুবদলের সহ-সভাপতিমো: তুহিন হোসেন (৪০)। গাংনী থানা পুলিশ সাহারবাটি ইউনিয়নের ওয়ার্ড বিএনপির সেক্রেটারি আসমাউল হুসনা(২৮), রায়পুর ইউনিয়নের ওয়ার্ড বিএনপির সভাপতি হাফিজুর রহমান (৫০), ওয়ার্ড যুবদলের সভাপতি জামাল হোসেন (৪৫), জুমাত আলী(৫০), সাহারবাটি ইউনিয়ন বিএনপির সভাপতি,গাংনী পৌর সেচ্ছাসেবক দলের যুগ্ন আহবায়ক মো: এডাম সুমন(৪০), মুজিবনগর থানা পুলিশ মহাজনপুর ইউনিয়ন বিএনপির কৃষি বিষয়ক সম্পাদক সাব্দার আলী(৫৪)।
পুলিশ জানায়, গ্রেফতারকৃত আসামিদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

চুয়াডাঙ্গায় যুব মহিলা লীগের অবস্থান কর্মসূচি

চুয়াডাঙ্গায় যুব মহিলা লীগের সভাপতি আফরোজ পারভিনের নেতৃত্বে বিএনপি- জামায়াতের অবরোধের নাশকত ঠেকাতে অবস্থান কর্মসূচি পালন করা হয়েছে।

আজ মঙ্গলবার সকাল সাড়ে আটটার সময় থেকে যুব মহিলা লীগের নেতা- কর্মীদের নিয়ে বিএনপি জামায়াতের ডাকা অবরোধ কর্মসূচি বানচাল করা ও সাধারণ জনগণের সাধারণ ভাবে জীবন যাপন উৎসাহিত করার জন্য ভ্যান যোগে চুয়াডাঙ্গা জেলার বড় বাজার হাসান চত্বর কোর্ট মোড় একাডেমি মোড় কেদারগঞ্জ বাস টার্মিনাল এলাকায় শো- ডাউন ও অবস্থা কর্মসূচি পালন করতে দেখা যায় জেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দের।

এ সময় চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি আফরোজা পারভীন

এবং অবস্থান নেওয়া নেতা-কর্মীরা জানান, বিএনপি- জামায়াত নাশকতার নামে নির্বাচন বানচাল করতে চায়। জনগণের জানমালের ক্ষতি করতে চায়। তারা দেশকে একটি অস্থিতিশীল অবস্থায় নিয়ে যেতে চায়। আমরা তাদের এই সহিংসতার বিরুদ্ধে, জনগণের জানমাল রক্ষায় শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচি পালন করছি। সতর্ক পাহারায় আছি। মানুষের মাঝে অবরোধ কর্মসূচির ভয় না পেয়ে স্বাভাবিক জীবন যাপন করতে উৎসাহিত করছি। বিএনপির-জামায়াত যদি কোন অপ্রীতিকর পরিস্থিতি সৃষ্টি করতে চাই তাহলে চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের পক্ষে থেকে শক্ত হাতে প্রতিহত করা হবে।

এ সময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আলিজা খাতুন,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার , সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, পূর্ণিমা হালদার, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন,মিমি খাতুন, ছাত্রলীগ ও যুবলীগের নেতৃবৃন্দ রাতুল, সাকিব শেখ, মাহফুজ, আকাশ,কুতুব, রিপন,শাওন, সিফাত,জিরান,সেজান ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।

উদ্ভূত পরিস্থিতি নিয়ন্ত্রণে মেহেরপুরে আনসার ও ভিডিপির পদক্ষেপ

দেশব্যাপী চলমান বিভিন্ন রাজনৈতিক কর্মসূচির কারনে উদ্ভূত পরিস্থিতিতে মেহেরপুর জেলার আইন-শৃঙ্খলা রক্ষা ও জনস্বার্থে জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের সাথে সমন্বয় করে মেহেরপুর জেলা আনসার

ও ভিডিপি কার্যালয় প্রয়োজনীয় নিরাপত্তামূলক পদক্ষেপ গ্রহণ করেছে।

আজ মঙ্গলবার একটি প্রেস রিলিজের মাধ্যমে মেহেরপুর জেলা আনসার ও ভিডিপি কার্যালয় মেহেরপুর প্রতিদিন কে এই তথ্য নিশ্চিত করে। প্রেস রিলিজে বলা হয় ৩১ অক্টোবর থেকে ০২ নভেম্বর পর্যন্ত দেশে চলমান অবরোধ পরিস্থিতিতে জনজীবন স্বাভাবিক ও সচল রাখতে আনসার ও ভিডিপি সদর দপ্তরের নির্দেশনা অনুসরণ করে এসব পদক্ষেপ হাতে নেওয়া হয়েছে।

পদক্ষেপসমূহের মধ্যে রয়েছে কলেজ মোড় নতুন বাসস্ট্যান্ড এলাকায় সকাল ছয়টা থেকে সন্ধ্যা সাতটা পর্যন্ত স্ট্যাটিক ডিউটি, জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয় ও গোডাউনে ২৪ ঘণ্টা সার্বক্ষণিক নিরাপত্তা ডিউটি পালন।

আনসার ব্যাটালিয়নের বিভিন্ন পদবির ১২ জন সদস্য, সাধারণ আনসার ও ভিডিপির ২০ জন সদস্যসহ সর্বমোট ৩২ জন জনবলের চারটি সশস্ত্র টিম তিনদিন ব্যাপী এ দায়িত্ব পালন করবে।

মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদারের অবসরোত্তর ছুটিতে গমন উপলক্ষ্যে বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বেলা সাড়ে ১১ সময় কলেজ শিক্ষক মিলনায়তনে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর খুরশীদ আলমের সভাপতিত্বে এবং শিক্ষক পরিষদের সম্পাদক শিক্ষক সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধুমকেতুর সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংবর্ধিত অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদার, সদ্য বিদায়ী উপাধ্যক্ষ প্রফেসর আব্দুর রাজ্জাক।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শিক্ষক পরিষদের যুগ্ন সম্পাদক মিলন মন্ডল। অনুষ্ঠানে স্মৃতিচারণ করে বক্তব্য রাখেন অধ্যক্ষ শফিউল ইসলাম সরদারের সহধর্মিণী মিসেস রেহেনা বেগম,অধ্যক্ষ পুত্র মিনহাজুল ইসলাম সাইফ,রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল লতিফ,হিসাববিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক গাজী নজরুল ইসলাম,অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক হাবিবুর রহমান,রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ও শিক্ষক পরিষদের সাবেক সম্পাদক ফুয়াদ হাসান, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক খেজমত আলী মালিথা, পদার্থবিদ্যা বিভাগের অবসরপ্রাপ্ত সহকারী অধ্যাপক খসরু,ইসলাম, বাংলা বিভাগের মইনুল ইসলাম, ব্যবস্থাপনা বিভাগের মুন্সী রাশেদুল হক,, গণিত বিভাগের সহকারী অধ্যাপক নজিউর রহমান, ইংরেজী বিভাগের মীর মাহফুজ আলী বাংলা বিভাগের প্রভাষক সানজিদা ফেরদৌস, প্রাক্তন লাইব্রেরিয়ান মিনা পারভিন কর্মচারীদের পক্ষ থেকে সালমা আক্তার, কলেজ ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ ও সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন বক্তব্য রাখেন।

বক্তারা শফিউল ইসলাম সরদারের এই কলেজে অধ্যক্ষ হিসেবে তার সফলতা ও কর্মের প্রশংসা করেন। একজন সফল প্রশাসক ও অভিভাবক হিসেবে জেলা সদরের এই বৃহৎ কলেজটির উন্নয়নে তার অবদানের কথা স্বরণ করেন। বক্তারা কলেজ অধ্যক্ষ কে একজন দক্ষ প্রশাসক, অতিথিপরায়ণ ও সর্বোপরি একজন ভাল ও সফল মানুষ হিসেবে উল্লেখ করেন।

বিশেষ করে কলেজটির ২ টি পাচতলা বিল্ডিং সহ সার্বিক অবকাঠামো উন্নয়নে তিনি নিরলসভাবে কাজ করেছেন বলে তারা উল্লেখ করেন। শফিউল ইসলাম সরদার দীর্ঘ সাড়ে ছয় বছর এই কলেজের অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন কালে কলেজের সামগ্রিক উন্নয়নের কথা তুলে ধরেন। শফিউল ইসলাম সরদার তার বক্তব্যে দীর্ঘ ৩৩ বছরের শিক্ষকতা জীবনের বিভিন্ন দিকের কথা উল্লেখ করেন। তিনি অধ্যক্ষ হিসেবে দায়িত্ন পালনকালে সকলের সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। কলেজ শফিউল ইসলাম সরদার মেহেরপুর সরকারী কলেজে যোগদানের আগে যশোর সরকারী এমএম কলেজে রসায়ন বিভাগের বিভাগীয় প্রধান ও উপাধ্যক্ষ হিসেবে দায়িত্ন পালন করেন।

চুয়াডাঙ্গায় যুবলীগের অবস্থান কর্মসূচি পালন

বিএনপি- জামায়াতের অবরোধের নাশকত ঠেকাতে চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রিয়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দের নেতৃত্ব অবস্থান কর্মসূচি পালন করেছে চুয়াডাঙ্গা জেলা যুবলীগ।

আজ মঙ্গলবার সকাল ৯ টা থেকে নেতা-কর্মীদের নিয়ে অবস্থা কর্মসূচি পালন করতে দেখা যায় জেলা যুবলীগের নেতৃবৃন্দের। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে নেতা- কর্মীদের সংখ্যাও বাড়তে থাকে।

গত রোববার (২৯ অক্টোবর) হরতাল শেষে তিন দিনের অবরোধ কর্মসূচি ঘোষণা করে দলটি। এদিকে, বিএনপি নির্বাচন বানচালে নাশকতা করতে চায় জানিয়ে আওয়ামী লীগও মাঠে থাকার ঘোষণা দিয়েছে।

অবস্থান নেওয়া চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রিয়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দার বলেন,বিএনপি-জামায়াত হরতাল, অবরোধ ও সমাবেশের নামে যাতে নাশকতামূলক কর্মকাণ্ডের মাধ্যমে জনগণের জানমালের ক্ষয়ক্ষতি সাধন, রাষ্ট্রীয় সম্পদ বিনষ্ট এবং ধ্বংসাত্মক অপতৎপরতা নামে নির্বাচন বানচাল করা সহ তারা দেশকে একটি অস্থিতিশীল অবস্থায় নিয়ে যেতে চায়। আমরা তাদের এই সহিংসতার বিরুদ্ধে, জনগণের জানমাল রক্ষায় শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচি পালন করছি। কোনো ধরনের সন্ত্রাস সৃষ্টি করতে না পারে সেজন্য জনগণকে সঙ্গে নিয়ে বাংলাদেশ আওয়ামী লীগের পাশাপাশি চুয়াডাঙ্গা জেলা যুব লীগের সর্বস্তরের নেতাকর্মী সমর্থকদের সর্বাত্মক সতর্ক অবস্থানে থেকে প্রতিরোধ গড়ে তোলার জন্য আহ্বান জানান তিনি।

এসময় উপস্থিত ছিলেন যুবলীগ নেতা পিরু মিয়া, শেখ শাহী, হাসানুল ইসলাম পলেন, বিপুল জোয়ার্দ্দার, জুয়েল জোয়ার্দ্দার, টিটু, ছাত্রলীগের সাবেক নেতা রামীম হোসেন সৈকত, পৌর ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি মোঃ সানিউল শেখ সুইট, জেলা ক্রীড়া সংস্থার সদস্য শেখ রাসেল, জেলা ছাত্রলীগের সাবেক সদস্য খালিদ মন্ডল, দিপু বিশ্বাস, তানভীর রেজাল্ট টুটুল,চুয়াডাঙ্গা পৌর ৩নং ওয়ার্ড যুবলীগের সভাপতি রানা, সাধারণ সম্পাদক খানজাহান আলী, ৫নং ওয়ার্ড যুবলীগের

সভাপতি আব্দুল আলিম, সহ-সভাপতি জুয়েল, ৭ নং ওয়ার্ড যুবলীগের সভাপতি আসাদুজ্জামান আসাদ, সাধারণ সম্পাদক আব্দুল হামিদ বিপ্লব, যুগ্ম সাধারণ সম্পাদক ইব্রাহিম, সাংগঠনিক সম্পাদক লালটু, পদ্মবিলা ইউনিয়ন যুবলীগের সহ-সভাপতি বিপ্লব হোসেন,মমিনপুর ইউনিয়ন যুবলীগের ভারপ্রাপ্ত সভাপতি মমিন, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ছোট, বঙ্গ, শিমুল, মমিন, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি মাসুম, আমজেদ, রিঙ্কু, মাখালডাঙ্গা ইউনিয়ন যুবলীগ নেতা জাকির, আরও উপস্থিত ছিলেন, লোকমান হোসেন, মহসিন হক রনি, টিপু, হীরা, মুন্না, শান্ত, মামুন, আশা, সুমন, নোমান, সজীব,শাওন রেজা কবীর,হাসান,সজল,লিপটন, তারিক, রনি, জনি, শফিক, সিকদার, বাচ্চু, আলতাফ, জিপু, তুষার, সোহান, জুয়েল, সবুজ, রাজন, আলো, রানা, বিপুল, সঞ্জু,আমান, রুবেল, মিন্টু, বিন্দু, সুশান্ত, সুমন, সাঈদ, শাকের, রসূল, মোখলেছ, মহাদেব, চঞ্চল, জনি, জাহিদ, বিপ্লব,চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক গ্রন্থনা ও প্রকাশনা উপ-সম্পাদক শেখ আনোয়ার, ছাত্রলীগ নেতা ইমরান ফেরদৌস, নোমান, কাফি, তানজির, মিশা, টিলু, ছাত্রলীগ নেতা ইমাদু ওয়াসিম, শাকিল আহমেদ তূর্য, সাহেব মাহমুদ, সাব্বির, কবির, জিম, বিপুল, নয়ন, আরিন, মেহেদী, সারুক, পাপন, শোভন সহ বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ।

চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সহ সাংগঠনিক সম্পাদক গ্রেফতার

দর্শনা থানা পুলিশ অভিযান চালিয়ে চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সহ সাংগঠনিক সম্পাদকে ৯টি বোমা সাদৃশ্য বস্তু ও সাতটি জিআই পাইপ,বারপিচ কাঠর বাঠাম,ছয়পিচ লোহার রড ১৩ জোড়া সেন্ডলসহ গ্রেফতার করেছে।

গতকাল সোমবার রাত সাড়ে ৩ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহা’র নেতৃত্বে অভিযান চালায় ৬২নং আড়িয়া দাখিল মাদ্রাসার মাঠে।এ সময় দর্শনা থানার এস আই টিপু সুলতান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে জেলা ছাত্রদলের সহ সাংগঠনিক সম্পাদক রাজু আহাম্মেদকে (৩১)গ্রেফতার করে।

সে দর্শনা থানার গড়াইটুপি ইউনিয়নের গোষ্ট বিহার গ্রামের রোস্তম আলীর ছেলে। পুলিশ তার কাছ থেকে ৯টি বোমা সাদৃশ্য বস্তু ও সাতটি জিআই পাইপ,বারপিচ কাঠর বাঠাম,ছয়পিচ লোহার রড ১৩ জোড়া সেন্ডলসহ গ্রেফতার করে। পুলিশ তার বিরুদ্ধে ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা ও বিস্ফোরক আইনে মামলা রুজু করেছে।দর্শনা থানা পুলিশ গত দুইদিনে জামাত- বিএনপির ১০ নেতা কর্মীকে গ্রেফতার করেছে।

ঝিনাইদহে জেলা আওয়ামী লীগের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

দেশব্যাপী জামায়াত- বিএনপির ডাকা ৭২ ঘন্টার অবরোধের প্রতিবাদে ঝিনাইদহে জেলা আওয়ামী লীগের বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর নেতৃত্বে বিক্ষোভ মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পায়রা চত্বরে গিয়ে শেষ হয়। পরে সেখানে এক সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।সেখানে জেলা আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন ।

এ সময় জামায়াত বিএনপি ডাকা অবরোধ প্রত্যাখ্যান করার আহ্বান জানিয়ে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু বলেন হরতাল অবরোধের নামে নৈরাজ্য ও জ্বালাও পোড়াও করার চেষ্টা করলে তার দাঁতভাঙ্গা জবাব দেবে ঝিনাইদহ আওয়ামী লীগের নেতা কর্মীরা।

আলমডাঙ্গায় শ্মশান ঘাটে শাপলা

তুলতে গিয়ে ২ শিশুর মৃত্যু

আলমডাঙ্গার মরা নদীর পানিতে ডুবে দুই শিশুর মৃত্যু হয়েছে। গতকাল সোমবার বিকেলে বন্দরভিটা গ্রামের শ্মশান ঘাট এলাকায় শাপলা ফুল তুলতে গিয়ে এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন, উপজেলার গাংনী ইউনিয়নের বন্দরভিটা গ্রামের বাবুল হোসেনের ছেলে সাব্বির হোসেন (৮) ও একই গ্রামের রানা মিয়ার ছেলে হুসাইন (৭)। নিহতরা দুজনই স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণীর শিক্ষার্থী।

স্থানীয়রা জানান, নিহত সাব্বির ও হুসাইন গতকাল সোমবার বেলা ১২ টার দিকে বন্দরভিটা গ্রামের মরা নদীর শ্মশানঘাট এলাকায় শাপলা ফুল তুলতে গিয়ে নিখোঁজ হয়। পরিবারের লোকজন তাদের দুজনকে খোঁজাখুঁজি করলেও সন্ধান পায় না। বিকেলে দুই পরিবার ও গ্রামের লোকজন মরা নদীতে খোঁজাখুঁজি করলে দুজনকে পানিতে ভাসমান অবস্থায় উদ্ধার করে। এ সময় তাদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। এ ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

স্থানীয় ইউপি সদস্য আব্দুর বারী জানান, দুই শিশু দুপুরে মরা নদীতে শাপলা তুলতে গিয়ে নিখোঁজ হয়। বিকেলে বাড়ি না ফেরায় পরিবারের সদস্যরা ও এলাকাবাসী তাদের খুঁজতে থাকে। পরে ওই নদীর পানিতে ভাসমান অবস্থায় দুজনের লাশ উদ্ধার করে এলাকাবাসী ।

বড়-গাংনী তদন্ত কেন্দ্রের পুলিশ পরিদর্শক বাবর আলী বলেন, ঘটনাটি মর্মান্তিক। শাপলা ফুল তুলতে গিয়ে দুই শিশু পানিতে ডুবে মারা গেছে। দুজনের মরদেহ পরিবারের নিকট হস্তান্তর করা হয়েছে। এঘটনায় আলমডাঙ্গা থানায় অপমৃত্যু মামলা দায়ের হয়েছে।

আলমডাঙ্গায় বিএনপি-জামায়াতের ৩ নেতা গ্রেপ্তার

আলমডাঙ্গায় নাশকতার মামলায় বিএনপি-জামায়াতের ৩ নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ মঙ্গলবার ভোরে উপজেলার বিভিন্ন এলাকা থেকে তাদের গ্রেপ্তার করা হয়।

তারা হলেন, আলমডাঙ্গা উপজেলার আইলহাঁস ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক হারুনুর রশিদ বিশ্বাস (৬০), পাঁচকমলাপুর গ্রামের বাসিন্দা ও জামায়াত নেতা আসাদুল হক (৬৫), কৃষ্নপুর গ্রামের বাসিন্দা জামায়াত নেতা আবু সাঈদ (৩৮)।

আলমডাঙ্গা থানার পুলিশের উপ-পরিদর্শক (এসআই) মারজাহান আল মোনায়েম জানান, গত ২৯ শে অক্টোবর ভোরে উপজেলার কালিদাসপুর ইউনিয়নের আসাননগর গ্রামের আল-আমিন সোসাইটি ক্যাডেট মাদ্রাসা এলাকায় নাশকতার পরিকল্পনার অভিযোগে মামলা হয়েছিল। ওই মামলার তদন্ত করতে গিয়ে হারুনুর রশিদ বিশ্বাস, আসাদুল হক, আবু সাঈদের বিরুদ্ধে তথ্য-প্রমাণ মেলে। ফলে পুলিশের একটি টিম তাদের নিজ নিজ এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে।

আলমডাঙ্গায় জাসদের ৫১ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

শ্রমজীবী, পেশাজীবী, কর্মজীবী জনতা গড়ে তোলো একতা জাতীয় সমাজতান্ত্রিক দল `জাসদ’ এর ৫১ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপনে আলমডাঙ্গা উপজেলা ও পৌর জাসদের উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সন্ধ্যা ৬ টার দিকে উপজেলা মুক্তিযোদ্ধা মঞ্চ চত্বরে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা

জাসদের সভাপতি বীরমুক্তিযোদ্ধা এম সবেদ আলী।

আলমডাঙ্গা উপজেলা জাসদের সভাপতি মোল্লা গোলাম সারোয়ারের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা জাসদের সাধারণ সম্পাদক আনিসুজ্জামান আনিস, পৌর জাসদের সাধারণ সম্পাদক ডালিম হোসেন, উপজেলা জাতীয় শ্রমিক জোটের সভাপতি শের আলী, সাধারণ সম্পাদক জহুরুল ইসলাম, তরিকুল ইসলাম, মিলন হোসেন, শ্রী মঙ্গল, আব্দুর রাজ্জাক, একরামুল হক, রিয়াজ, সোহেল ।

আলোচনা সভাটি সঞ্চালনা করেন পৌর জাসদের সভাপতি মিরাজুল ইসলাম মিরাজ।